

## অতিথি...

শাহরুখ খান গত প্রায় ৬ মাস ধরে ক্যামেরার সামনে দাঁড়াননি। ‘দেবদাস’-এর শুটিং শেষ করে শাহরুখ টানা বিশ্রামে সময় কাটিয়েছেন। এতগুলো দিন পর গত সপ্তাহে এ অভিনেতা ক্যামেরার সামনে দাঁড়ালেন। এ আধুনিক দেবদাস পরিচালক বনি কাপুরের নতুন ‘শক্তি— দ্য পাওয়ার’ ছবিতে একটি গানের শুটিংয়ে অংশ নেন অতিথি চরিত্রে। তার সহঅভিনেত্রী ছিলেন ‘পার্বতী’ ঐশ্বরীয়া রাই। অনেকেই ভেবেছিলেন ‘শক্তি— দ্য পাওয়ার’ ছবিতে শাহরুখ-ঐশ্বরীয়া আবারও একসঙ্গে অভিনয় করছেন। কিন্তু সেটা সত্যি নয়। এ দু’জন শুধু ছবির একটি গানেই অংশ নিয়েছেন। হলিউডের ‘নট উইদাউট মাই ডটার’ ছবির ইন্ডিয়ান ভার্সন ‘শক্তি’ ছবির প্রধান চরিত্রে অভিনয় করেছেন নানা পাটেকর ও কারিশমা কাপুর। অনেকেদিন পর এ দু’জনের নতুন কোনো ছবি মুক্তি পাচ্ছে।



করিয়েছেন। মুম্বাইয়ের এনএসসি গ্রাউন্ডে অতি সম্প্রতি ছবিটির ‘জাঁকজমকপূর্ণ মহরত অনুষ্ঠিত হয়েছে। মজার ব্যাপার হচ্ছে এই প্রথম দুই বিশ্বসুন্দরী একই ছবিতে অভিনয় করছেন ঠিকই, তবে সেখানে তাদের গাছপালার আশপাশে নাচানাচি করা ছাড়া আর কিছুই করার নেই। বলিউডের কোনো পরিচালক এখনো পর্যন্ত অন্য দুই বিশ্বসুন্দরী সুস্মিতা সেন এবং ঐশ্বরীয়া রাইকে একসঙ্গে কাস্ট করতে

পারেননি। সেক্ষেত্রে সুনীল দর্শন অন্তত প্রিয়াংকা আর লারাকে নিয়ে সম্ভব থাকতে পারেন।  
শেখ মনজু

## জোলি-বিলির ডিভোর্স

ক’মাস ধরে হলিউডে একের পর এ তারকার সম্পর্ক ভেঙে চলেছে। সম্প্রতি কেট উইঙ্গলেট, জেনিফার লোপেজ এবং ব্রিটনি স্পিয়ার্সের সম্পর্ক ভেঙে গেছে তাদের পার্টনারদের সঙ্গে। গত মাসে তাদের সঙ্গে যোগ দিলেন অস্কার জয়ী অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। ১৮ জুলাই জোলির সঙ্গে তার হলিউড তারকা স্বামী বিলি বব থর্নটনের ছাড়াছাড়ি হয়ে গেছে। এই দুই অস্কারজয়ী অভিনেতা-অভিনেত্রীর বিয়ে টিকেছিলো দুই বছর। ‘টুম রেইডার’ ছবির মাধ্যমে গত বছর জোলি অনেকদিন পর হলিউড বক্স অফিস মাতিয়েছিলেন। এর আগে ’৯৯ সালে অস্কার

অ্যাঞ্জেলিনা জোলি



জয়ী অভিনেতা জন ভয়েটের এ কন্যা ‘গার্ল ইন্টারপ্রেটড’ ছবিতে অভিনয় করে শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী ক্যাটাগরিতে অস্কার জিতেছিলেন। কী কারণে তাদের বিয়ে ভাঙলো জোলি এখনো তেমন কিছু বলেননি এ ব্যাপারে। তবে এটা বলেছেন, বিলি বব তর ব্যান্ড গ্রুপ আর অভিনয়েই বেশি সময় দেবেন এখন থেকে। আর জোলি নিজে পালক পুত্র ম্যাডক্স ও অভিনয় নিয়েই ব্যস্ত থাকবেন। এ বছরের মার্চে কম্বোডিয়ান বালককে জোলি পালক নেন। জুলাইতে ছাড়াছাড়ি হওয়ার আগে এ দু’জন গত প্রায় চার মাস ধরে আলাদা থাকছিলেন।

## দুই বিশ্বসুন্দরীর আন্দাজ

প্রথমবারে মতো দুই বিশ্বসুন্দরী বলিউডের ছবিতে একসঙ্গে অভিনয় করতে যাচ্ছেন। পরিচালক সুনীল দর্শন তার ‘আন্দাজ’ ছবির জন্য মিস ওয়ার্ল্ড প্রিয়াংকা চোপড়া এবং মিস ইউনিভার্স লারা দত্তকে সাইন



দুই বিশ্ব সুন্দরী প্রিয়াংকা চোপড়া ও লারা দত্ত বলিউডে এই প্রথমবারের মতো একই ছবিতে অভিনয় করছেন